

সংবাদকক্ষ ঃ ০২-৯৯৬৬৬১৩৬৮ , E-mail: pidmymensingh@gmail.com, Facebook: PID MYMENSINGH, Website: pid.mymensinghdiv.gov.bd

তথ্যবিবরণী নম্বর-১২০

ময়মনসিংহে মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৫ উদযাপন উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত

ময়মনসিংহ (শুক্রবার, ২১ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি.)

ময়মনসিংহে মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৫ যথাযোগ্য মর্যাদায় উদযাপিত হয়েছে। আজ ২১ ফেব্রুযারি দিবসটি উদযাপন উপলক্ষে আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়। ময়মনসিংহ জেলা প্রশাসন ও শিল্পকলা একাডেমীর যৌথ আয়োজনে জেলা শিল্পকলা একাডেমিতে বিকাল ৪টায় দিবসটিকে উপজীব্য করে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন ময়মনসিংহ জেলা প্রশাসক মুফিদুল আলম। তিনি বলেন, রক্তের প্রতিদানে ৫২ পেয়েছি। ৫২ এর ভাষা আন্দোলন কেবল একটি আন্দোলন নয়, সামাজিক, রাজনৈতিক ও সাংস্কৃতিক দিক থেকে এর গুরুত্ব অপরিসীম। ভাষা আন্দোলনের ধারাবাহিকতায়ই ১৯৭১ সালের স্বাধীনতা এসেছে। একুশ আমাদের অনুপ্রেরণা, আমাদের মাথা উঁচু করে সামনে চলার সাহসী পাথেয়। রফিক, জব্বারের উত্তরসূরীরা জীবন দিয়ে স্বাধীনতা এনে দিয়েছিলেন। এখন সময় এসেছে সামনে এগিয়ে যাওয়ার। মাতৃভাষা দিবসে সব শিক্ষার্থীর অজ্ঞীকার হোক, বাংলা ভাষা যেন শুদ্ধভাবে বলতে, লিখতে এবং বুঝতে সমর্থ হই। আজকের এ দিন হোক প্রত্যয়ের, যা সামনে এগিয়ে যাওয়ার সাহস যোগাবে।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, ময়মনসিংহ পুলিশ সুপার কাজী আখতার উল আলম, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) লুংফুন নাহার, সরকারি আনন্দমোহন কলেজের সহকারী অধ্যাপক, কবি ও লেখক শামীম সিদ্দিকী, মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজের উদ্ভিদ বিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর বিকাশকুমার ভদ্র এবং জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালযের ফিল্ম এন্ড মিডিয়া স্টাডিজ বিভাগের বিভাগীয় প্রধান ড. তুহিন অবন্ত।

আলোচনা শেষে দিবসটি উপলক্ষে দেশাত্মবোধক সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়। অনুষ্ঠানের শেষ পর্যায়ে দিবসটি উপলক্ষে আয়োজিত চিত্রাংকন প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।

শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের অনুষ্ঠানে এছাড়াও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ, বীর মুক্তিযোদ্ধাগণ, সামাজিক ও সাংস্কৃতিক ব্যক্তিবর্গ, অভিভাবকগণ এবং সরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

#

মোস্তফা/জামান/রিদওয়ান/মনির/রেজভী/২০২৪/১৮:০০ ঘন্টা